

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের আদালত  
কুষ্টিয়া।

ফৌ: কা: বি: ১৪৪ খারায় নতুন মামলা দায়েরের ক্ষেত্রে বাদীর/ অভিযোগকারীর করণীয় :-

1. যে ব্যক্তি/ ব্যক্তিদের বিরুদ্ধে মামলা/ অভিযোগ আনয়ন করা হবে তাদের পূর্ণ নাম ঠিকানা এবং অভিযোগের বিষয়বস্তু লিপিবদ্ধ করে আর্জি দাখিল করতে হবে।
2. আর্জিতে নির্ধারিত মূল্যমানের কোর্ট ফি (১০ টাকা) লাগাতে হবে।
3. বাদী/ অভিযোগকারী স্বয়ং অথবা এ্যাডভোকেট নিয়োগ করে মামলা পরিচালনা করতে পারবেন।
4. বাদী/ অভিযোগকারী এ্যাডভোকেট নিয়োগ করলে সেক্ষেত্রে এ্যাডভোকেটকে বার কর্তৃক অনুমোদিত ওকালতনামা দাখিল করতে হবে।
5. ওকালতনামায় নির্ধারিত মূল্যমানের কোর্ট ফি (৩০ টাকা) লাগাতে হবে।
6. আর্জি/ অভিযোগের স্বপক্ষে প্রমাণাদি, খতিয়ান/ পর্চা, বা প্রযোজ্য ক্ষেত্রে দলিলাদির ফটোকপি সংযুক্ত করতে হবে।
7. পুলিশ বা অন্য কারও উপর তদন্তের আদেশ হলে তদন্ত কার্যক্রমের জন্য আর্জির কপি দাখিল করতে হবে।
8. প্রতিপক্ষের বিরুদ্ধে কারণ দর্শানোর আদেশ হলে নোটিশ জারীর জন্য জনপ্রতি ১০/= মূল্যমানের কোর্ট ফি (প্রসেস ফি) জমা দিতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের আদালত  
কুষ্টিয়া।

**ভ্রাম্যমান আদালতে সাজাপ্রাপ্ত আসামীর আপীল দায়েরের ক্ষেত্রে করণীয়:-**

1. সাজাপ্রাপ্ত আসামীর পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট ভ্রাম্যমাণ আদালতের নাম, মামলার নম্বর, চাহিত কাগজপত্রাদির বিষয় উল্লেখপূর্বক ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা মহাফজেখানা (রেকর্ডরুম), কুষ্টিয়া বরাবর সহিমহরী নকল প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।
2. সহিমহরী নকল প্রাপ্তির জন্য আবেদনকারীকে প্রয়োজনীয় ফলিও এবং কোর্ট ফি জমা দিতে হবে।
3. সাজাপ্রাপ্ত আসামীর পক্ষে বিজ্ঞ আইনজীবী নিয়োগ করতে হবে। সেক্ষেত্রে এ্যাডভোকেটকে বার কর্তৃক অনুমোদিত ওকালতনামা দাখিল করতে হবে।
4. ওকালতনামায় নির্ধারিত মূল্যমানের কোর্ট ফি (৩০ টাকা) লাগাতে হবে।
5. সহিমহরী নকল প্রাপ্তির পর বিজ্ঞ আইনজীবীকে আসামীর সাজার বিরুদ্ধে আপীল মামলা দায়েরের লক্ষ্যে আপীল মামলা প্রস্তুত করবেন এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর আপীল মামলা দায়ের করবেন।
6. আপীল আবেদনে ১০ টাকার কোর্টফি জমা দিতে হবে।
7. বিজ্ঞ আইনজীবী কর্তৃক একইসাথে অন্তর্বর্তীকালীন জামিনের আবেদন দাখিল করতেও পারেন। সে আবেদনে ১০ টাকার কোর্টফি জমা দিতে হবে।
8. কোন কোন ক্ষেত্রে বিজ্ঞ আইনজীবী একইসাথে মূল নথি তলবের আবেদন দাখিল করতে পারেন। সে আবেদনে ১০ টাকার কোর্টফি জমা দিতে হবে।
9. মামলা তামাদি দোষে দুষ্ট হলে তামাদি মওকুফের আবেদন দাখিল করতে পারেন। সে আবেদনে ১০ টাকার কোর্টফি জমা দিতে হবে।